# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Web- www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-রাশিবো/০৭/কনি-০১/৪র্থ(খন্ড)/৩২২ তারিখ : ০১/০৯/২০২৬

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে "একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন লিংক/ওয়েবসাইট এর ঠিকানা প্রকাশ প্রসঙ্গে।

সূত্রঃ ১। বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯৯, তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রিঃ

২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬খ্রিঃ

৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- : ২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাভূক্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা নির্ধারিত ভর্তি ওয়েবসাইটঃ https://xiclassadmission.gov.bd –তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীগণ ভর্তির যোগ্যতা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন।

বিঃদ্রঃ বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতীত অন্য কোন ফেইক ওয়েবসাইটের মাধ্যমে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনক্রমেই এর দায় বহন করবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১।৯।২০২৬

প্রফেসর মো. মাহবুব হাসান ০৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী
ফোন : ০৫৫৮৮৮৫৫৯৬৩

01.9.26

০১/০৯/২৬

স্মারক নং-রাশিবো/০৭/কনি-০১/৪র্থ(খন্ড)/৩২২ তারিখ : ০১/০৯/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল প্রতিষ্ঠান)
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী
৪। অফিস কপি।

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬০০ তারিখ: ৩০/০৮/২০২৬

বিষয়ঃ **২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন আবেদনে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে সতর্কতা প্রসঙ্গে।**

সূত্র:
১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬।
২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬" এর উপধারা ৩.২ অনুযায়ী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন আবেদনে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে:

**মুক্তিযোদ্ধা কোটার যোগ্যতাঃ** এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হতে হবে।

উল্লেখ্য, এ কোটায় সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কলেজে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। সেক্ষেত্রে উক্ত কোটার সঠিক প্রমাণক জমা দিতে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে না। অতএব যে সকল শিক্ষার্থী মুক্তিযোদ্ধা কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও (যেমনঃ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী) আবেদন করবে তারা সিলেকশন পেলেও কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/ ১৪৬৩ তারিখ : ১০/০৮/২০২৫

বিষয়: **EQ (Education Quota)** কোটায় সিলেকশন প্রাপ্ত শিক্ষার্থীদের শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তিতে EQ (Education Quota) কোটাতে সিলেকশন প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি স্কুল, সরকারি কলেজ, সরকারি স্কুল এন্ড কলেজ এবং সরকারি শিক্ষা অফিসসমূহে কর্মরত শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধা প্রযোজ্য হবে।

10.8.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
উচ্চমাধ্যমিক পর্যায়ের দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।